# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 01 July, 2025

জুলাই-আগস্টে সংঘটিত গণহত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও সাবেক পুলিশ প্রধান চৌধুরী আবদুল্লাহ আল মামুনের বিরুদ্ধে অভিযোগ গঠনের শুনানি শেষ হয়েছে। আগামী সোমবার (৭ জুলাই) আসামিপক্ষ অভিযোগ গঠনের বিপক্ষে যুক্তি উপস্থাপন করবেন বলে আগামী শুনানির দিন ধার্য করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

মঙ্গলবার (১ জুলাই) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি মো. গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বে তিন সদস্যের ট্রাইব্যুনাল-১ এ এই আদেশ দেন।

চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম প্রসিকিউশনের পক্ষে শুনানি করেন।

আসামিপক্ষের পক্ষে ছিলেন রাষ্ট্রনিযুক্ত আইনজীবী আমির হোসেন (শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের পক্ষে) এবং জায়েদ বিন আমজাদ (চৌধুরী আবদুল্লাহ আল মামুনের পক্ষে)।

শুনানিতে আমির হোসেন জানান, এই মামলা ঐতিহাসিক হওয়ায় তিনি ২৫ জুন নথিপত্র পেয়েছেন এবং প্রস্তুতির জন্য ১৫ দিনের সময় প্রয়োজন। এছাড়া তিনি অসুস্থ ছিলেন।

ট্রাইব্যুনাল ৬ দিন সময় মঞ্জুর করে ৭ জুলাই পরবর্তী শুনানির দিন ধার্য করেন।

চৌধুরী আবদুল্লাহ আল মামুন কারাগারে রয়েছেন। আজ তাকে আদালতে হাজির করা হয়,

যদিও তার আইনজীবী আনুষ্ঠানিক অভিযোগ গঠনের শুনানিতে অংশ না নেওয়ার কথা জানান।

এর আগে, ১ জুন তিন আসামির বিরুদ্ধে পাঁচটি অভিযোগ আমলে নেয় ট্রাইব্যুনাল।এরপর ১৭ জুন তাদের আত্মসমর্পণের নির্দেশ দিয়ে নোটিশ জারি করা হয়। পাশাপাশি ২৪ জুন শুনানির দিন ধার্য করা হয়েছিল।

মামলায় অভিযোগ গঠন এবং শুনানির সবকিছু দেশের জাতীয় ও আন্তর্জাতিক গণমাধ্যমে সম্প্রচার করা হয়। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত শেখ হাসিনার নাম উঠে এসেছে জুলাই গণহত্যার মূল নির্দেশদাতা হিসেবে।

জুলাই-আগস্ট মামলা শেখ হাসিনা আসাদুজ্জামান খান কামাল চৌধুরী আবদুল্লাহ আল মামুন গণহত্যা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 11:13

URL: https://timestodaybd.com/public/national/4022775807